# ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বোর্ডসভার কার্যবিবরণী।

তারিখ ঃ ২৬ জুন, ২০০৮
স্থান ঃ সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।
সভাপতি ঃ কর্ণেল এ বি এম তায়েফুল ইসলাম
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস।

## সভায় উপস্থিত সদস্যবৃন্দ

(১) লেঃ কর্ণেল মোঃ নজরুল ইসলাম -- সদস্য
সিএমইএস (আর্মি)
ঢাকা সেনানিবাস।

(২) উইং কমান্ডার নাইমুল হোসাইন -- সদস্য
প্রতিনিধি
অধিনায়ক (প্রশাসনিক শাখা)
বিমান বাহিনী ঘাঁটি বাশার
ঢাকা সেনানিবাস।

(৩) মেজর আবু নোমান মোঃ মোছলেহ উদ্দীন -- সদস্য
প্রতিনিধি, কমান্ড্যান্ট
সম্মিলিত সামরিক হাসপাতাল, ঢাকা সেনানিবাস।

(৪) জনাব জিয়াউল ইসলাম চৌধুরী -- সদস্য
বাসা # ৪৯/সি, শহীদ বদিউজ্জামান রোড
ক্যান্টনমেন্ট বাজার এলাকা
ঢাকা সেনানিবাস।

(৫) লেঃ কর্ণেল (অবঃ) মোঃ সামসুদ্দিন আহমেদ -- সদস্য
৩৪৬, বারিধারা ডিওএইচএস
ঢাকা সেনানিবাস।

এছাড়া সভায় বিশেষ আমন্ত্রণে উপস্থিত ছিলেন গ্রুপ ক্যাপ্টেন ডিএস রাজা (অবঃ), সেক্রেটারী, বনানী ডিওএইচএস পরিষদ, মেজর খন্দকার নুরুল আফসার (অবঃ), সেক্রেটারী, মহাখালী ডিওএইচএস পরিষদ, লেঃ কর্ণেল মোহাঃ আব্দুল খালেক (অবঃ), সেক্রেটারী, বারিধারা ডিওএইচএস পরিষদ এবং লেঃ কর্ণেল মোঃ শায়েরুজ্জামান, পিএসসি, সেক্রেটারী, মিরপুর ডিওএইচএস পরিষদ।

সভার শুরুতেই উপস্থিত সদস্য এবং আমন্ত্রিত অতিথিবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভায় আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় ঃ-

আলোচ্যসূচী-১ ঃ গত ২৮ মে, ২০০৮ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ গত ২৮ মে, ২০০৮ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-২১ এর সিদ্ধান্ত পর্যালোচনান্তে অনুমোদিত নকশা বহির্ভূতভাবে নির্মাণকারী ০৫(পাঁচ)টি প্লটের মালিককে যথাযথ কারণ দর্শানোর জন্য ১৫(পনের) দিনের সময় দিয়ে পুনরায় নোটিশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। এছাড়া ২৮ মে, ২০০৮ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী বিস্তারিত পর্যালোচনান্তে দৃঢ়করণ করা হলো।

চলমান পাতা-২

আলোচ্যসূচী-২ ঃ মে, ২০০৮ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ মে, ২০০৮ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন করা হলো।

আলোচ্যসূচী-৩ ঃ মে, ২০০৮ মাসের আয়-ব্যয়ের খাতওয়ারী হিসাব বিবরণীসহ রাজস্ব আদায়/বকেয়ার হালনাগাদ তথ্যাদি অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ মে, ২০০৮ মাসের আয়-ব্যয়ের খাতওয়ারী হিসাব বিবরণীসহ রাজস্ব আদায়/বকেয়ার হালনাগাদ তথ্যাদি অবলোকন করা হলো। যে সকল বাড়ীর গৃহকর দীর্ঘ দিন যাবৎ বকেয়া/অনাদায় রয়েছে ১৫(পনের) দিনের নোটিশ প্রদান করে পানি/গ্যাস সংযোগ কর্তনসহ রাস্তা বন্ধ করার কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৪ ঃ মে, ২০০৮ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ মে, ২০০৮ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন করা হলো।

আলোচ্যসূচী-৫ ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের 'সি', 'ডি', 'পুকুর পাড় (ফার্নিচার)', 'এ', 'বি' 'ম' এবং 'মাছ-মাংস ও সব্জি' ব্লকের ১০(দশ) বছর মেয়াদী সর্বমোট ৫৬৬টি দোকানের মেয়াদোত্তীর্ণের প্রেক্ষিতে পরবর্তী মেয়াদে উক্ত দোকানগুলোর মেয়াদ সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ২৫ মে, ২০০৮ তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/১৩০-০এ-৬/ শা-৩/২৯৪ নং পত্রের মাধ্যমে নির্ধারিত শর্ত সাপেক্ষে ইজারা প্রদানের অনুমোদন প্রদান করা হয়। এ প্রসংগে উল্লেখ্য যে, উক্ত দোকানগুলোর সেলামী ও মাসিক ভাড়া নির্ধারণ করে পুনঃ বরাদ্দ প্রদানের নিমিত্তে আলোচনা ও সিদ্ধান্তের জন্য সংশ্লিষ্ট পত্রসহ নথিটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেটের 'সি', 'ডি', 'পুকুর পাড় (ফার্নিচার)', 'এ', 'বি' 'ম' এবং 'মাছ-মাংস ও সব্জি' ব্লকের ১০(দশ) বছর মেয়াদী সর্বমোট ৫৬৬টি দোকানের সালামী নিম্নোক্তভাবে বৃদ্ধি করে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের নির্ধারিত শর্ত সাপেক্ষে মেয়াদ উত্তীর্ণের তারিখ হতে পরবর্তী ১০(দশ) বছরের জন্য ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

| ক্রমিক নং | দোকানের ধরন | দোকান সংখ্যা | ১৯৮৬ সনের সালামী | ১৯৯৬ সনের সালামী যা ১৯৯৮ সনে ধার্যকৃত | ২০০৮ সনের সালামী |
|---|---|---|---|---|---|
| ১। | মাছ, মাংস, সব্জী | ৯৬ | ২০০০০.০০ | ২৫০০০.০০ | ৩২০০০.০০ |
| ২। | 'এ', 'বি', 'সি', 'ডি' ব্লকের ১ সাটারের দোকান | ২৩৭ | ৩০০০০.০০ | ৩৫০০০.০০ | ৪৫০০০.০০ |
| ৩। | 'এ', 'বি', 'সি', 'ডি' ব্লকের ২ সাটারের দোকান | ১৮৮ | ৩৫০০০.০০ | ৪০০০০.০০ | ৫০০০০.০০ |
| ৪। | পুকুর পাড় | ১৬ | ৫৫০০০.০০ | ৬৫০০০.০০ | ৮২০০০.০০ |
| ৫। | হোটেল | ৬ | ৭০০০০.০০ | ৮৫০০০.০০ | ১১০০০০.০০ |
| ৬। | আড়ৎ | ৮ | ৮০০০০.০০ | ১০০০০০.০০ | ১২৫০০০.০০ |
| ৭। | 'ম' ব্লক | ১৫ | বিভিন্ন রেট | - | |
| | ম/১ (পশ্চিম) | ১ | ৪৪০০০.০০ | ৫৯৮৫০.০০ | ৭৫০০০.০০ |
| | ম/২ (পশ্চিম) | ১ | ৪২০০০.০০ | ৫৯৮৫০.০০ | ৭৫০০০.০০ |
| | ম/৩ (পশ্চিম) | ১ | ৪০০০০.০০ | ৫৯৮৫০.০০ | ৭৫০০০.০০ |
| | ম/৪ (পশ্চিম) | ১ | ৪২০০০.০০ | ৫৭৬০০.০০ | ৭২০০০.০০ |
| | ম/৫ (পশ্চিম) | ১ | ১৬০০০.০০ | ২৩৪০০.০০ | ৩০০০০.০০ |
| | ম/৬ (পশ্চিম) | ১ | ১৬০০০.০০ | ১৯৫০০.০০ | ২৫০০০.০০ |
| | ম/৭ (পশ্চিম) | ১ | ১৫০০০.০০ | ১৫৬০০.০০ | ২০০০০.০০ |

চলমান পাতা-৩

| ক্রমিক নং | দোকানের ধরন | দোকান সংখ্যা | ১৯৮৬ সনের সালামী | ১৯৯৬ সনের সালামী যা ১৯৯৮ সনে ধার্যকৃত | ২০০৮ সনের সালামী |
|---|---|---|---|---|---|
| | ম/৮ (পশ্চিম) | ১ | ১৫০০০.০০ | ১৫৬০০.০০ | ২০০০০.০০ |
| | ম/৯ (পশ্চিম) | ১ | ১২০০০.০০ | ১৪৪০০.০০ | ১৮০০০.০০ |
| | ম/১০ (পশ্চিম) | ১ | ১২০০০.০০ | ১৩৫০০.০০ | ১৭০০০.০০ |
| | ম/১ (দক্ষিণ) | ১ | ৩৪০০০.০০ | ৪৮৬০০.০০ | ৬১০০০.০০ |
| | ম/২ (দক্ষিণ) | ১ | ৩৫০০০.০০ | ৪৮৬০০.০০ | ৬১০০০.০০ |
| | ম/৩ (দক্ষিণ) | ১ | ৩৫০০০.০০ | ৪৮৬০০.০০ | ৬১০০০.০০ |
| | ম/৪ (দক্ষিণ) | ১ | ৩৫০০০.০০ | ৪৮৬০০.০০ | ৬১০০০.০০ |
| | ম/৫ (দক্ষিণ) | ১ | ৩৫০০০.০০ | ৪৮৬০০.০০ | ৬১০০০.০০ |

উল্লেখ্য যে, গত ২৮ আগষ্ট, ২০০৫ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার ৩০নং সিদ্ধান্তে রজনীগন্ধা সুপার মার্কেটে দোকান ভাড়া বৃদ্ধি করা হয়েছে। বর্ধিত ভাড়ার ৫০% ০১ জুলাই, ২০০৫ হতে কার্যকর করা হয়েছে এবং অবশিষ্ট ৫০% ভাড়া পর্যায়ক্রমে ৬ (ছয়) মাস অন্তর অন্তর ১০% হারে কার্যকর করা হয়েছে। প্রকাশ থাকে যে, সর্বশেষ ১০% ভাড়া জানুয়ারি ২০০৮ মাস হতে কার্যকর করা হয়েছে। দোকানসমূহের ভাড়া যেহেতু গত জানুয়ারি, ২০০৮ মাসে বৃদ্ধি করা হয়েছে সেহেতু বর্তমানে প্রচলিত ভাড়ার হার বিদ্যমান থাকবে। বিষয়টি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরকে অবহিত করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

আলোচ্যসূচী-৬ ঃ রজনীগন্ধা সুপার মার্কেটস্থ ০১(এক) বছর মেয়াদী অস্থায়ী ৮/১৫, ৮/১৬, ৮/১৭, ৮/১৯, ৮/২০ ও ডি-৮৮/১ নং দোকানের মেয়াদ ৩১ মে, ২০০৮ তারিখে উত্তীর্ণের প্রেক্ষিতে পরবর্তী ০১(এক) বছরের জন্য মেয়াদ নবায়নের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। এ প্রসংগে সংশ্লিষ্ট দোকান বরাদ্দলাভকারীগণের আবেদনপত্র ও নথিসমূহ সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেটস্থ ০১(এক) বছর মেয়াদী অস্থায়ী ৮/১৫, ৮/১৬, ৮/১৭, ৮/১৯, ৮/২০ ও ডি-৮৮/১ নং দোকানের মেয়াদ ৩১ মে, ২০০৮ তারিখে উত্তীর্ণের প্রেক্ষিতে মেয়াদ উত্তীর্ণের তারিখ হতে পরবর্তী ০১(এক) বছরের জন্য পুনঃবরাদ্দের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৭ ঃ ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাট বিক্রয়/হস্তান্তরের অনুমতির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্রমিক নং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | বিক্রেতার/আবেদনকারীর নাম ও ঠিকানা এবং আবেদনের তারিখ | ক্রেতার নাম ও ঠিকানা | ডিজিএফআই এর ছাড়পত্র নম্বর ও তারিখ |
|---|---|---|---|---|
| (১) | বাড়ী # ৪৩/ই, ফ্ল্যাট#৩/বি, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | মেজর জেনাঃ জালাল উদ্দিন আহমেদ বাড়ী # ৪৩/ই, রোড # ৮, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস ০৯/২/২০০৮ | (১) বিএ-১০০২২৭ ব্রিগেঃ জেনাঃ মোঃ আবুল কালাম আজাদ (২) বিইসি-১১০০৮২ লেঃ কর্ণেল শিরিন বানু (অবঃ) ১২/১, স্বাধীনতা সরণি ঢাকা সেনানিবাস। | ১৩০০/৩০/১০/নিরাপত্তা, তাং- ১২/৬/২০০৮ |
| (২) | বাড়ী # ১৬/এফ, ফ্ল্যাট#এ/১, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | মুহাম্মদ ফারুক খান চেয়ারম্যান সামিট প্রপার্টিজ এন্ড কনস্ট্রাকশন কোং (প্রাঃ) লিঃ সামিট সেন্টার, ১৮ কাওরান বাজার, ঢাকা-১২১৫। | জনাব মোঃ শাহজাহান চৌধুরী পিতা- মৃত আহমদ রাজা চৌধুরী বাড়ী # ১৬/এফ, ফ্ল্যাট#এ/১, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | ১৩০০/১২০/৫৭/৫/ক, তাং- ২৭/৪/২০০৮ |
| (৩) | বাড়ী # ২৬/সি, ফ্ল্যাট#সি-৫, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | জনাব মোঃ ফজলুল হক খান, বাড়ী#২৬/সি, রোড#৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। ১৫ এপ্রিল, ২০০৮ তারিখ | হাসনা হেনা চৌধুরী স্বামী- মেজর হোসেন সোহেল শাহনেওয়াজ ৫৫৪/৬, রজনীগন্ধা অফিসার্স কোয়ার্টার ঢাকা সেনানিবাস। | ১৩০০/১২০/৫৭/৫, তাং- ১৭/৬/২০০৮ |

চলমান পাতা-৪

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

| ক্রমিক নং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | বিক্রেতার/আবেদনকারীর নাম ও ঠিকানা এবং আবেদনের তারিখ | ক্রেতার নাম ও ঠিকানা | গৃহীত সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| (১) | বাড়ী # ৪৩/ই, ফ্ল্যাট#৩/বি, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | মেজর জেনাঃ জালাল উদ্দিন আহমেদ বাড়ী # ৪৩/ই, রোড # ৮, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস ০৯/২/২০০৮ | (১) বিএ-১০০২২৭ ব্রিগেঃ জেনাঃ মোঃ আবুল কালাম আজাদ (২) বিইসি-১১০০৮২ লেঃ কর্ণেল শিরিন বানু (অবঃ) ১২/১, স্বাধীনতা সরণি ঢাকা সেনানিবাস। | বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। |
| (২) | বাড়ী # ১৬/এফ, ফ্ল্যাট#এ/১, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | মুহাম্মদ ফারুক খান চেয়ারম্যান সামিট প্রপার্টিজ এন্ড কনস্ট্রাকশন কোং (প্রাঃ) লিঃ সামিট সেন্টার, ১৮ কাওরান বাজার, ঢাকা-১২১৫। | জনাব মোঃ শাহজাহান চৌধুরী পিতা- মৃত আহমদ রাজা চৌধুরী বাড়ী # ১৬/এফ, ফ্ল্যাট#এ/১, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | -ঐ- |
| (৩) | বাড়ী # ২৬/সি, ফ্ল্যাট#সি-৫, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | জনাব মোঃ ফজলুল হক খান, বাড়ী#২৬/সি, রোড#৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। ১৫ এপ্রিল, ২০০৮ তারিখ | হাসনা হেনা চৌধুরী স্বামী- মেজর হোসেন সোহেল শাহনেওয়াজ ৫৫৪/৬, রজনীগন্ধা অফিসার্স কোয়ার্টার ঢাকা সেনানিবাস। | -ঐ- |

আলোচ্যসূচী-৮ ঃ ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাট নামজারীর বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্রমিক নং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | আবেদনকারীর নাম ও ঠিকানা | ডিজিএফআই এর ছাড়পত্র নম্বর ও তারিখ | বিক্রয়/হস্তান্তর অনুমতি পত্রের নং ও তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | প্লট #১৯/এ ফ্ল্যাট # ৩/বি ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | সৈয়দা নাসিমা আক্তার স্বামী- ড. মুন্সী শাহজাহান প্লট #১৯/এ ফ্ল্যাট # ৩/বি ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | ১৩০০/১২০/৫৭/৫/ক তাং- ১৯/১/২০০৬ | নং- ঢাক্যাবো/ ক্যাঃবাঃএঃ/১৯/এ/ফ্ল্যাট নং-৩/বি/২২৩ তাং- ২৮/৯/২০০৬ | রেজিস্ট্রি দলিলমূলে ক্রয়সূত্রে |
| (২) | প্লট #৪৩/ই ফ্ল্যাট # ৫/বি ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | মিসেস রশিদা খাতুন (সেলিনা) স্বামী- ডাঃ লেঃ কর্ণেল মোঃ মোফাজ্জেল হোসেন (অবঃ) প্লট #৪৩/ই ফ্ল্যাট # ৫/বি ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | ১৩০০/১২০/৫৭/৫ তাং- ১০/১/২০০৮ | নং- ঢাক্যাবো/ ক্যাঃবাঃএঃ/৪৩/ই/ফ্ল্যাট নং-৫/বি/১৩ তাং- ০৭/২/২০০৮ | রেজিস্ট্রি দলিলমূলে ক্রয়সূত্রে |
| (৩) | প্লট #১৯/এ ফ্ল্যাট # ৩/এ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | ওয়াহিদ আহমেদ পিতা- মৃত আহমেদ আলী মিয়া প্লট #১৯/এ, ফ্ল্যাট # ৩/এ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | ১৩০০/৩০/১০/ নিরাপত্তা/১৯, তাং- ১৫/৪/২০০১ | নং- ঢাক্যাবো/ ক্যাঃবাঃএঃ/১৯-এ/১৯৩ তাং- ২৪/০১/২০০২ | রেজিস্ট্রি দলিলমূলে ক্রয়সূত্রে |
| (৪) | প্লট #৯ ফ্ল্যাট # ডি-১ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | উইং কমান্ডার মোঃ তবারক হোসেন ভূঁঞা, পিএসসি প্লট #৯, ফ্ল্যাট # ডি-১ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | ১৩০০/১২০/৫৭/৫ তাং- ২৬/১২/২০০৫ | নং- ঢাক্যাবো/ ক্যাঃবাঃএঃ/৯/ফ্ল্যাট নং-ডি-১/১৭ তাং- ২৬/১/২০০৬ | যৌথ মালিকানাধীন ফ্ল্যাটের অর্ধাংশ হেবা দলিলমূলে দান করার প্রেক্ষিতে নামজারী। |

চলমান পাতা-৫

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

| ক্রমিক নং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | আবেদনকারী/ক্রেতার নাম ও ঠিকানা এবং আবেদনের তারিখ | গৃহীত সিদ্ধান্ত |
|---|---|---|---|
| (১) | প্লট #১৯/এ<br>ফ্ল্যাট # ৩/বি<br>ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | সৈয়দা নাসিমা আক্তার<br>স্বামী- ড. মুন্সী শাহজাহান<br>প্লট #১৯/এ, ফ্ল্যাট # ৩/বি<br>ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | রেজিস্ট্রি দলিলমূলে ক্রেতার নামে নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলো। |
| (২) | প্লট #৪৩/ই<br>ফ্ল্যাট # ৫/বি<br>ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | মিসেস রশিদা খাতুন (সেলিনা)<br>স্বামী- ডাঃ লেঃ কর্ণেল মোঃ মোফাজ্জেল হোসেন (অবঃ)<br>প্লট #৪৩/ই, ফ্ল্যাট # ৫/বি<br>ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | -ঐ- |
| (৩) | প্লট #১৯/এ<br>ফ্ল্যাট # ৩/এ<br>ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | ওয়াহিদ আহমেদ<br>পিতা- মৃত আহমেদ আলী মিয়া<br>প্লট #১৯/এ, ফ্ল্যাট # ৩/এ<br>ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | -ঐ- |
| (৪) | প্লট #৯<br>ফ্ল্যাট # ডি-১<br>ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | উইং কমান্ডার মোঃ তবারক হোসেন ভূঁঞা, পিএসসি<br>প্লট #৯, ফ্ল্যাট # ডি-১<br>ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | যৌথ মালিকানাধীন ফ্ল্যাটের অর্ধাংশ রেজিস্ট্রিকৃত হেবা দলিলমূলে দান করায় উইং কমান্ডার মোঃ তবারক হোসেন ভূঁঞা, পিএসসি এর স্ত্রী বেগম রোজিনা আখতার চৌধুরী এর নামে এককভাবে উক্ত ফ্ল্যাটের নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলো। |

আলোচ্যসূচী-৯ ঃ ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্তে নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্রমিক নং | মালিকের নাম | প্লট নম্বর | এলাকার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|
| (১) | বিএ-২০৯১ কর্ণেল নূর মোহাম্মদ নূর ইসলাম | ৫০৫ | মিরপুর ডিওএইচএস | ০২টি প্লটে যৌথভাবে ০৬(ছয়) তলা নতুন ভবন নির্মাণ। |
| | বিএ-২০১৬ লেঃ কর্ণেল মেসবাহ উদ্দিন আহমেদ | ৫০৭ | | |
| (২) | বিএ-১০০২৯৩ কর্ণেল মোঃ সিরাজুল করিম | ৫৯০ | মিরপুর ডিওএইচএস | ০৬(ছয়) তলা নতুন ভবন |
| (৩) | বিএসএস-১৬৭৪ লেঃ কর্ণেল আমির আজম খান | ১৮৮ | মিরপুর ডিওএইচএস | ০৬(ছয়) তলা নতুন ভবন |
| (৪) | বিএসএস-১৬৩৮ লেঃ কর্ণেল শেখ আমজাদ হোসেন (অবঃ) | ৫৬৯ | মিরপুর ডিওএইচএস | ০২টি প্লটে যৌথভাবে ০৬(ছয়) তলা নতুন ভবন নির্মাণ। |
| | বিএ-১৯১৩ লেঃ কর্ণেল সৈয়দ মোঃ রেজাউল আলম | ৫৬৭ | | |
| (৫) | বিএ-১০০৩০১ লেঃ কর্ণেল মোঃ শওকত ইকবাল | ৭০৯ | মিরপুর ডিওএইচএস | ০২টি প্লটে যৌথভাবে ০৬(ছয়) তলা নতুন ভবন নির্মাণ। |
| | বিএ-১৯১৮ লেঃ কর্ণেল রবিউল মতিন চৌধুরী | ৭১০ | | |
| (৬) | বিএ-১৯৮৭ কর্ণেল হোসেন মাহমুদ চৌধুরী | ৫৪১ | মিরপুর ডিওএইচএস | ০৬(ছয়) তলা নতুন ভবন |
| (৭) | বিএসএস-১৭১১ লেঃ কর্ণেল (অবঃ) নাসিম উদ্দিন আহমেদ | ৬৪২ | মিরপুর ডিওএইচএস | ০২টি প্লটে যৌথভাবে ০৬(ছয়) তলা নতুন ভবন নির্মাণ। |
| | বিএ-১৯৯৫ লেঃ কর্ণেল মোঃ দিদারুল আলম | ৬৪৪ | | |
| (৮) | বিএসএস-১৭০৬ লেঃ কর্ণেল মোঃ ইলিয়াস পাঠান (অবঃ) | ২৭১ | মিরপুর ডিওএইচএস | ০৬(ছয়) তলা নতুন ভবন |
| (৯) | বিডি নং-৭০৪১ এয়ার মার্শাল এস এম জিয়াউর রহমান, এনডিসি, এফএডব্লিউসি | ৩৭৬ | মিরপুর ডিওএইচএস | ০২টি প্লটে যৌথভাবে ০৬(ছয়) তলা নতুন ভবন নির্মাণ। |
| | বিডি নং-৭০৪৮ এয়ার কমডোর এ কে এম হারুন চৌধুরী, এনডিসি, পিএসসি (অবঃ) | ৩৭৭ | | |
| (১০) | বিএসএস-১৭৯৩ মেজর (অবঃ) মাইনুদ্দিন আহমেদ | ৬৫২ | মিরপুর ডিওএইচএস | ০২টি প্লটে যৌথভাবে ০৬(ছয়) তলা নতুন ভবন নির্মাণ। |
| | পি নং-৩৬২ কমান্ডার মোবাশ্বের আলী খন্দকার, পিএসসি, বিএন | ৬৫৪ | | |

চলমান পাতা-৬

7

| ক্রমিক নং | মালিকের নাম | প্লট নম্বর | এলাকার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|
| (১১) | বিএ-১৬৭৬ কর্ণেল এম এইচ সালাউদ্দিন | ২৪৭ | মিরপুর ডিওএইচএস | ০৬(ছয়) তলা নতুন ভবন |
| (১২) | বিএ-১৯০০ ব্রিগেঃ জেনাঃ মোস্তফা আমিনুল ইসলাম<br>বিএ-২০০০ লেঃ কর্ণেল এ কে এম নূরুল ইসলাম | ৬৬৫<br>৬৬৭ | মিরপুর ডিওএইচএস | ০২টি প্লটে যৌথভাবে ০৬(ছয়) তলা নতুন ভবন নির্মাণ। |
| (১৩) | বিএ-১৯৪২ কর্ণেল এ কে এম রেজাউল রহমান<br>বিএ-২০২৩ লেঃ কর্ণেল মোহাম্মদ ইকবাল | ৭১২<br>৭১৪ | মিরপুর ডিওএইচএস | ০২টি প্লটে যৌথভাবে ০৬(ছয়) তলা নতুন ভবন নির্মাণ। |
| (১৪) | পি নং- ১৩৩ ক্যাপ্টেন আব্দুর রাজ্জাক আকন (অবঃ) | ৫১১ | বারিধারা ডিওএইচএস | সংশোধিত ০৬ (ছয়) তলা (৫ম তলার উপর ৬ষ্ঠ তলা নির্মাণ) |
| (১৫) | বেগম লতিফা খান | ৪৮৫ | বারিধারা ডিওএইচএস | সংশোধিত ০৬ (ছয়) তলা (আভ্যন্তরীন পরিবর্তন) |
| (১৬) | বিএ-৭৪১ ব্রিগেঃ জেনাঃ মোঃ মজিবুর রহমান (অবঃ) | ১৯৯/এ | মহাখালী ডিওএইচএস | সংশোধিত ০৬ (ছয়) তলা (পুরাতন ৪ তলা ভবন ভেঙ্গে নতুন ভবন নির্মাণ) |
| (১৭) | মিসেস কৃষ্ণা দেব<br>স্বামী- মৃত মেজর এ সি দেব | ৩০ | বনানী ডিওএইচএস | সংশোধিত ০৬ (ছয়) তলা (আভ্যন্তরীন পরিবর্তন) |
| (১৮) | কর্ণেল ডাঃ এম হাসমত আলী (অবঃ) | ৮/এ | বনানী ডিওএইচএস | সংশোধিত ০৬ (ছয়) তলা (আভ্যন্তরীন পরিবর্তন) |
| (১৯) | বেগম সুলতানা জামান | হোল্ডিং নং-২৭৯/১ | মৌজা-লালাসরাই সিএস প্লট নং-১২৮ (অংশ) | সংশোধিত নকশা (১ম তলার উপর ২য় তলা নির্মাণ) |

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনান্তে উপস্থাপিত ১৯টি নকশার মধ্যে ক্রমিক নং-১ হতে ১৮ পর্যন্ত ১৮টি নকশা কারিগরীভাবে সঠিক থাকায় অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো এবং পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক। ক্রমিক নং-১৯ এর বিষয়ে বিমান সদরের মতামত গ্রহণ করা হোক।

আলোচ্যসূচী-১০ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০৭ মোতাবেক | মন্তব্য |
|---|---|---|---|
| (১) | ঢাকা সেনানিবাসস্থ ৪৬ পদাতিক ব্রিগেড এলাকার শহীদ ইউসুফ রোডের পারিবারিক বাসস্থানের নিকট শিশু পার্ক মেরামত ও রংকরণ কাজ। | ৩২,৮৯৯/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত। |
| (২) | মিরপুর সামরিক অফিসার আবাসিক প্রকল্পের সিরামিক ইন্ডাস্ট্রিজ সংলগ্ন ডিওএইচএস এর প্রবেশ রাস্তায় পাইপ ড্রেন স্থাপন ও রাস্তা মেরামত কাজ। | ৩৫,৮৬০/- টাকা | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল। |
| (৩) | রজনীগন্ধা সুপার মার্কেটের পশ্চিমে পার্কিং এর উত্তরাংশে গাইড ওয়াল নির্মাণ ও হার্ডস্ট্যান্ড মেরামত এবং বাজারের ১ তলা ভবনের ছাদে অবৈধ প্রবেশ বন্ধের জন্য বারান্দায় দেয়াল নির্মাণ। | ১,৪৭,২৯৫/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত। |

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে উপস্থাপিত মূল্যানুমানসমূহ অনুমোদন করা হলো। ক্রমিক নং- ১ ও ৩ এ উল্লেখিত প্রকল্পসমূহের দরপত্র আহ্বানপূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক। অবশিষ্ট প্রকল্পটির মূল্যানুমান চূড়ান্ত অনুমোদনের নিমিত্তে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১১ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নোক্ত কাজের সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০৭ মোতাবেক | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত দর | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | ১ নং পানির পাম্পের পানির লেয়ার নীচে নেমে যাওয়ায় ৮" ফিল্টারের ভিতরে ৩" পাইপ ঢুকিয়ে ১৫ কিলোওয়াটের সাব-মারসিবল পাম্প মোটরসহ স্থাপন কাজ। | ৪,০৪,৯৭৭/- টাকা (বাজার দর) | মিলনার্স পাম্প লিমিটেড | ৪,০৪,৯৭৭/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত। |

চলমান পাতা-৭

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০৭ মোতাবেক | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত্ত দর | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (২) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭ টি ফিডার রোডের বাড়ীসমূহে পানি সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে ৬˝ মেইন লাইন হতে ৩˝ শাখা লাইন স্থাপন কাজ। | ১১,০৭,৬৪৫/- টাকা | মেসার্স ইমেল এন্টারপ্রাইজ | ৯,৫৯,৩০৪/৪৫ টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত। |
| (৩) | মিরপুর ডিওএইচএস এলাকার ১ম ধাপের বিভিন্ন লেনে স্ট্রীট লাইট স্থাপন কাজ। | ৫,৬৮,১৩৬/- টাকা | মেসার্স হাবিব এন্ড সন্স | ৬,৬৮,৫৩৯/৯৮ টাকা | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল। |
| (৪) | বারিধারা ডিওএইচএস এর কনভেনশন সেন্টার এর ব্যবহারের জন্য আর্মি ট্রানজিট ক্যাম্প ও পিওএল ডিপোর মধ্যবর্তী বিদ্যমান রাস্তার উভয় পার্শ্বে আরসিসি পিলারের মাধ্যমে কাঁটা তারের বেড়া নির্মাণ। | ৬,০৯,৯০৪/- টাকা | মেসার্স রিয়া এন্টারপ্রাইজ | ৮,০৪,৫০৯/৮০ টাকা | বারিধারা ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| (৫) | বারিধারা ডিওএইচএস এলাকার লেন নং-৭ (পশ্চিম পার্শ্ব) কার্পেটিংকরণ। | ১৬,২০,২৯৪/- টাকা | মেসার্স মনির এন্ড কোং | ১৪,১৮,৭৩৫/৮৯ টাকা | বারিধারা ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| (৬) | বারিধারা ডিওএইচএস এল'লেন নং-৬ (পূর্ব ও পশ্চিম পার্শ্ব) কার্পেটিংকরণ। | ২৯,৯৯,১৭৬/- টাকা | মেসার্স সরদার ট্রেডার্স | ২৫,২৬,০৩৮/৫৮ | -ঐ- |
| (৭) | বারিধারা ডিওএইচএস এল লেন নং-২ (পূর্ব ও পশ্চিম পার্শ্ব) কার্পেটিংকরণ। | ২৫,৭২,৭০৫/৯৫ | দি মুন এন্টারপ্রাইজ | ২১,৯৭,৪২০/৬৭ | -ঐ- |
| (৮) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১, ৩, ৭, ৮, ও ৯ নং রোডে লোহার গেইট অপসারণপূর্বক ইটের পাকা দেয়াল নির্মাণ কাজ। | ৯৭,২৫৫/- টাকা | মেসার্স মনি ট্রেডিং কর্পোরেশন | ১,২৬,৪৮২/- টাকা | মেরামত ও রক্ষণাক্ষেণ খাত। |
| (৯) | বনানী ডিওএইচএস এলাকার ৬/এ নং রোডের কার্পেটিং ও মেরামত কাজ। | ১,৭৩,৯৪৯/- টাকা | মেসার্স জামান ট্রেড ইন্টারন্যাশনাল | ১,৯৪,৯৭৯/- টাকা | অনুদান |
| (১০) | বনানী ডিওএইচএস এলাকার ১ নং রোড মেরামত ও কার্পেটিং কাজ। | ৫,৪৫,০৫৫/- টাকা | মেসার্স আলী কনস্ট্রাকশন এন্ড সাপ্লাইয়ার্স | ৬,৩৬,৮২০/- টাকা | অনুদান |
| (১১) | বনানী ডিওএইচএস এলাকার ৬ নং রোডের ৬/এ হতে পশ্চিম দিকে গল্ফ ক্লাব পর্যন্ত উত্তর পার্শ্ব দিয়ে ড্রেন নির্মাণ কাজ। | ৩,১২,৮৪৩/- টাকা | মেসার্স ইমেল এন্টারপ্রাইজ | ৩,৭৬,২০৯/৮৫ টাকা | অনুদান |
| (১২) | রজনীগন্ধা সুপার মার্কেটের নিকটবর্তী শহীদ বদিউজ্জামান সড়কের পার্শ্বে রিকশা পার্ক নির্মাণ কাজ। | ২,৩৪,৫২৩/- টাকা | মেসার্স সেভেন সিরিজ এন্টারপ্রাইজ | ২,৭৩,৯৭৪/১৫ টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| (১৩) | ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের ঝুঁকিপূর্ণ বাউন্ডারী ওয়াল ভেঙ্গে পুনঃনির্মাণ ও উত্তর দিকের বাউন্ডারী ওয়াল উঁচুকরণসহ কাঁটা তার স্থাপন। | ২,৭১,০০০/- টাকা | মেসার্স আলাউদ্দিন ট্রেডার্স | ৩,৪৪,৫৬২/১৯ টাকা | অনুদান এবং মেরামত ও রক্ষণাবেক্ষণ |

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে TEC (Tender Evaluation Committee) কর্তৃক মূল্যায়নকৃত দর মোতাবেক ক্রমিক নং-১, ৪, ৮, ৯, ১০, ১১, ১২ ও ১৩-এ উল্লেখিত প্রকল্পগুলোর দর নিম্নবর্ণিতভাবে অনুমোদন করা হলো ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | অনুমোদিত দর |
|---|---|---|---|
| (১) | ১ নং পানির পাম্পের পানির লেয়ার নীচে নেমে যাওয়ায় ৮˝ ফিল্টারের ভিতরে ৩˝ পাইপ ঢুকিয়ে ১৫ কিলোওয়াটের সাব-মারসিবল পাম্প মোটরসহ স্থাপন কাজ। | মিলনার্স পাম্প লিমিটেড | ৪,০৪,৯৭৭/- টাকা |

চলমান পাতা-৮

| ক্রমিক নং | কাজের বিবরণ | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | অনুমোদিত দর |
|---|---|---|---|
| (৪) | বারিধারা ডিওএইচএস এর কনভেনশন সেন্টার এর ব্যবহারের জন্য আর্মি ট্রানজিট ক্যাম্প ও পিওএল ডিপোর মধ্যবর্তী বিদ্যমান রাস্তার উত্তর পার্শ্বে আরসিসি পিলারের মাধ্যমে কাঁটা তারের বেড়া নির্মাণ। | মেসার্স রিয়া এন্টারপ্রাইজ | ৮,০৪,৫০৯/৮০ টাকা |
| (৮) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১, ৩, ৭, ৮, ও ৯ নং রোডে লোহার গেইট অপসারণপূর্বক ইটের পাকা দেয়াল নির্মাণ কাজ। | মেসার্স মনি ট্রেডিং কর্পোরেশন | ১,২৬,৪৮২/- টাকা |
| (৯) | বনানী ডিওএইচএস এলাকার ৬/এ নং রোডের কার্পেটিং ও মেরামত কাজ। | মেসার্স জামান ট্রেড ইন্টারন্যাশনাল | ১,৯৪,৯৭৯/- টাকা |
| (১০) | বনানী ডিওএইচএস এলাকার ১ নং রোড মেরামত ও কার্পেটিং কাজ। | মেসার্স আলী কনস্ট্রাকশন এন্ড সাপ্লাইয়ার্স | ৬,৩৬,৮২০/- টাকা |
| (১১) | বনানী ডিওএইচএস এলাকার ৬ নং রোডের ৬/এ হতে পশ্চিম দিকে গফ ক্লাব পর্যন্ত উত্তর পার্শ্ব দিয়ে ড্রেন নির্মাণ কাজ। | মেসার্স ইমেল এন্টারপ্রাইজ | ৩,৭৬,২০৯/৮৫ টাকা |
| (১২) | রজনীগন্ধা সুপার মার্কেটের নিকটবর্তী শহীদ বদিউজ্জামান সড়কের পার্শ্বে রিকশা পার্ক নির্মাণ কাজ। | মেসার্স সেভেন সিরিজ এন্টারপ্রাইজ | ২,৭৩,৯৭৪/১৫ টাকা |
| (১৩) | ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের ঝুঁকিপূর্ণ বাউন্ডারী ওয়াল ভেঙ্গে পুনঃনির্মাণ ও উত্তর দিকের বাউন্ডারী ওয়াল উঁচুকরণসহ কাঁটা তার স্থাপন। | মেসার্স আলাউদ্দিন ট্রেডার্স | ৩,৪৪,৫৬২/১৯ টাকা |

ক্রমিক নং-১, ৮, ১২ ও ১৩-তে উল্লেখিত প্রকল্পসমূহের বিপরীতে কার্যাদেশ প্রদানসহ পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক এবং ক্রমিক নং-৪, ৯, ১০ ও ১১ এ উল্লেখিত দরসমূহের চূড়ান্ত অনুমোদনসহ ব্যয়ের অনুমোদনের জন্য সংশ্লিষ্ট কাগজাদি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করার জন্য ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট-কে অনুরোধ করা হলো। ক্রমিক নং-২, ৫, ৬ ও ৭ এ উল্লেখিত দরসমূহ এমইএস সিডিউল অব রেইটস, ২০০৭ এর চেয়ে অনেক নিম্নে এবং বাজার দরের সাথে সামঞ্জস্যপূর্ণ না বিধায় দর দাখিলকারী প্রতিষ্ঠানসমূহের নিকট প্রদত্ত দরের বিস্তারিত Analysis চাওয়া হোক। ঠিকাদার প্রদত্ত Analysis সিএমইএস (আর্মি) কর্তৃক ভেটিং করানো হোক। Analysis সঠিক হলে ক্রমিক নং- ৫, ৬ ও ৭ এ উল্লেখিত প্রকল্পগুলোর ব্যয়ের অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক এবং ক্রমিক নং ২ এ উল্লেখিত প্রকল্পের কার্যাদেশ প্রদান করা হোক। সঠিক না হলে পুনঃদরপত্র আহ্বান করার সিদ্ধান্ত গৃহীত হলো। ক্রমিক নং- ৩ এ উল্লেখিত প্রকল্পে টিউব লাইটের পরিবর্তে এনার্জি সেভিং লাইট স্থাপনের নিমিত্তে মূল্যানুমান সংশোধন করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১২ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন ৭টি যানবাহন সংকেত বাতি বাৎসরিক মেরামত কাজে নিয়োজিত হোম আর্কিটেক্ট প্রাঃ লিঃ এর চুক্তির মেয়াদ ৩০ জুন, ২০০৮ তারিখে উত্তীর্ণ হওয়ার প্রেক্ষিতে ৭টির স্থলে ৯টি পয়েন্টের জন্য উক্ত চুক্তির মেয়াদ বর্ধিতকরণ, মাসিক মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজের বিল বৃদ্ধিকরণ এবং হোম আর্কিটেক্ট এর স্বত্বাধিকারী ইঞ্জিনিয়ার এ কে এম রুহুল আমিন এর মালিকানাধীন আর এফ ইঞ্জিনিয়ারিং এর নামে ৩১ জুলাই, ২০০৮ তারিখ থেকে ৩০ জুন, ২০০৯ তারিখ পর্যন্ত মেয়াদ বর্ধিতকরণের জন্য গত ০২ জুন, ২০০৮ তারিখে অত্র দপ্তরে আবেদন করা হয়েছে। এতদ্বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তের জন্য সংশ্লিষ্ট আবেদনপত্রসহ নথিটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে ০৭(সাত)টি যানবাহন সংকেত পয়েন্ট রেখে কম গুরুত্বতার ভিত্তিতে ০২টি পয়েন্টের কাজ না করার সিদ্ধান্ত গৃহীত হলো এবং হোম আর্কিটেক্ট এর পরিবর্তে একই ব্যক্তির মালিকাধীন আর এফ ইঞ্জিনিয়ারিং এর সাথে প্রতি পয়েন্ট ১,২০০/- (এক হাজার দুইশত) টাকা হিসেবে ২০০৮-২০০৯ সনের জন্য মেরামত ও রক্ষণাবেক্ষণের চুক্তি করার সিদ্ধান্ত গৃহীত হলো। বীর উত্তম শহীদ লেঃ আনোয়ার গার্লস কলেজের পথচারী পারাপার ও আদমজী ক্যান্ট পাবলিক স্কুলের বিদ্যমান যানবাহন সংকেত বাতি দু'টি বন্ধ থাকায় কোন কাজ করার দরকার নেই।

চলমান পাতা-৯

আলোচ্যসূচী-১৩ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নবর্ণিত মেরামত/প্রকল্পসমূহ সফলভাবে সমাপ্তির পর ০১(এক) বছর অতিক্রান্ত হওয়ায় জামানত হিসেবে জমাকৃত টাকা ফেরত দেয়ার ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | জামানত হিসেবে জমাকৃত টাকার পরিমাণ | ঠিকাদারী ফার্মের নাম |
|---|---|---|---|
| (১) | ঢাকা সেনানিবাসের বিভিন্ন এলাকার নিরাপত্তা বাতির পোল স্থানান্তরকরণ কাজ। | ৩,৪০৩/-টাকা | মেসার্স রনি এন্টারপ্রাইজ |
| (২) | শহীদ বেলায়েত রোড এলাকায় শিশু পার্ক নির্মাণ কাজ। | ৪,৮০৫/- টাকা | মেসার্স এ এম বেগ এন্টারপ্রাইজ |
| (৩) | শহীদ আজিজ পল্লী এলাকার শিশু পার্কের বাউন্ডারী নেটের জালী রংকরণ ও ড্রেন মেরামত কাজ। | ২,৬৫৮/- টাকা | মেসার্স এম এইচ এন্টারপ্রাইজ |
| (৪) | বনানী ডিওএইচএস এলাকার কমিউনিটি সেন্টার সংলগ্ন শিশু পার্ক ও জিয়া কলোনীর নিকট অবস্থিত শিশু পার্ক মেরামত ও রংকরণ। | ৩,২২৭/- টাকা | মেসার্স তাহের এন্টারপ্রাইজ |

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনান্তে সভায় উপস্থাপিত প্রকল্পসমূহ সফলভাবে সমাপ্তির পর ০১(এক) বছর অতিক্রান্ত হওয়ায় সংশ্লিষ্ট প্রকৌশলী ও ব্যবহারকারী/উপকারভোগীর প্রত্যয়ন সাপেক্ষে জামানত হিসেবে জমাকৃত অর্থ ফেরত দেয়ার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৪ ঃ ঢাকা সেনানিবাসস্থ ভিআইপি কমপ্লেক্স এর সামনে একটি বিউটি স্পট নির্মাণের নিমিত্তে দরপত্র আহ্বান করা হলে গত ২২ জুন, ২০০৮ তারিখে ০৪(চার) টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে মেসার্স তাহের এন্টারপ্রাইজ, ১০৮ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস কর্তৃক প্রদত্ত ১,৯১,৫৮৭/- (এক লক্ষ একানব্বই হাজার পাঁচশত সাতাশি) টাকার সর্বনিম্ন দর দাখিল করা হয়। উক্ত সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে ঢাকা সেনানিবাসস্থ ভিআইপি কমপ্লেক্স এর সামনে একটি বিউটি স্পট নির্মাণের নিমিত্তে মেসার্স তাহের এন্টারপ্রাইজ, ১০৮ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস কর্তৃক প্রদত্ত ১,৯১,৫৮৭/- (এক লক্ষ একানব্বই হাজার পাঁচশত সাতাশি) টাকার সর্বনিম্ন দরটি অনুমোদন করা হলো। আর্মি কঞ্জারভেন্সী খাত থেকে ব্যয় নির্বাহ সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

আলোচ্যসূচী-১৫ ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের ১৩/৯ নং দোকানের নামজারী বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে আইন উপদেষ্টার মতামতের ভিত্তিতে রজনীগন্ধা সুপার মার্কেটস্থ ০১(এক) বছর মেয়াদী ১৩/৯ নং অস্থায়ী দোকানটি জনাব আহমেদ ফজলুল কবির, পিতা- মৃত মমতাজ উদ্দিন এর নামে নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলো। এ প্রসংগে বরাদ্দ এবং চুক্তিপত্রের শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

আলোচ্যসূচী-১৬ ঃ ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালে বহির্বিভাগীয় রোগীদের টিকিট ফি মওকুফের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনান্তে ক্যান্টনমেন্ট ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালে বহির্বিভাগীয় রোগীদের টিকিট ফি মওকুফের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

চলমান পাতা-১০

আলোচ্যসূচী-১৭ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের পুরাতন অফিস কার প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে ক্যান্টনমেন্ট বোর্ডের পুরাতন অফিস কারটি নিলামে বিক্রির সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৮ ঃ রজনীগন্ধা সুপার মার্কেটস্থ নব-নির্মিত মুরগী শেডে মুরগী বাজার স্থানান্তর প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের সহায়তায় অফিসার্স পর্ষদ কর্তৃক প্রস্তুতকৃত তালিকা মোতাবেক নব-নির্মিত মুরগী শেডের ভিটিগুলো ০৫(পাঁচ) বছর মেয়াদে এবং ব্রয়লার মুরগীর জন্য ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা ও দেশী মুরগীর জন্য ২০,০০০/- (বিশ হাজার) টাকা সালামী ধার্য ও নির্ধারিত শর্ত সাপেক্ষে বরাদ্দ করতঃ নব-নির্মিত মুরগী শেডে মুরগী বাজার স্থানান্তর করার সিদ্ধান্ত গৃহীত হলো।

১৯ বিবিধ (১) ঃ মিরপুর ডিওএইচএস তদারকির জন্য ১০০ সি. সি. একটি মোটর সাইকেল ক্রয়ের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। এ প্রসংগে উল্লেখ্য যে, ১০০ সি.সি. একটি মোটর সাইকেল ক্রয় করতে আনুমানিক ১,২৫,০০০/- (এক লক্ষ পঁচিশ হাজার) টাকা ব্যয় হবে।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনান্তে মিরপুর ডিওএইচএস তদারকির জন্য ১০০ সি. সি. একটি মোটর সাইকেল ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের জন্য আনুমানিক ১,২৫,০০০/-(এক লক্ষ পচিশ হাজার) টাকা ব্যয় হবে। অনুদান বরাদ্দসহ চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরন করা হোক।

১৯ বিবিধ (২) ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৩০/এফ নং প্লটের ৪/২ নং ফ্ল্যাট রেজিস্ট্রিকৃত হেবা দলিল মূলে দান করার নিমিত্তে অনুমতি চেয়ে কর্ণেল মোহাম্মদ আজিজুর রহমান (অবঃ) গত ২২ জুন, ২০০৮ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন। এতদ্বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তের জন্য সংশ্লিষ্ট আবেদনপত্রটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৩০/এফ নং প্লটের ৪/২ নং ফ্ল্যাটটি কর্ণেল মোহাম্মদ আজিজুর রহমান (অবঃ) এর কন্যা বেগম আমিনা রহমান-কে রেজিস্ট্রিকৃত হেবা দলিল মূলে দান করার অনুমতি প্রদান করা হলো।

১৯ বিবিধ (৩) ঃ সেনানিবাস কেন্দ্রীয় মসজিদের অজু খানায় পানি সরবরাহের জন্য ১ হর্স পাওয়ার ক্ষমতা সম্পন্ন পেডরোলো জেট পাম্প (প্রয়োজনীয় পাইপ ও আনুষঙ্গিক মালামালসহ) সরবরাহ ও স্থাপনের নিমিত্তে ২৪,০৯১/- (চব্বিশ হাজার একানব্বই) টাকার মূল্যানুমান অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় আলোচনা করা হলো। আলোচনান্তে সেনানিবাস কেন্দ্রীয় মসজিদের অজু খানায় পানি সরবরাহের জন্য ১ হর্স পাওয়ার ক্ষমতা সম্পন্ন পেডরোলো জেট পাম্প (প্রয়োজনীয় পাইপ ও আনুষঙ্গিক মালামালসহ) সরবরাহ ও স্থাপনের নিমিত্তে ২৪,০৯১/- (চব্বিশ হাজার একানব্বই) টাকার মূল্যানুমান অনুমোদন করা হলো। উক্ত কাজের ব্যয় মসজিদের মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত হতে সংকুলান সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

চলমান পাতা-১১

১৯ বিবিধ (৪) ঃ রজনীগন্ধা সুপার মার্কেটস্থ হকার হার্ডস্ট্যান্ডটি ইজারা প্রদানের নিমিত্তে ২৬ মে, ২০০৮ তারিখে 'দৈনিক মানব জমিন' ও 'দৈনিক প্রথম আলো' পত্রিকার মাধ্যমে দরপত্র আহ্বান করা হলে কোন দরপত্র পাওয়া যায়নি। তৎপ্রেক্ষিতে বোর্ডসভার সিদ্ধান্ত মোতাবেক ১৮ জুন, ২০০৮ তারিখে 'দৈনিক ইত্তেফাক', 'দৈনিক যুগান্তর' ও 'দৈনিক প্রথম আলো' পত্রিকার মাধ্যমে ইজারা দরপত্র আহ্বান করা হলেও কোন দরপত্র পাওয়া যায়নি। এ প্রসংগে উল্লেখ্য যে, উক্ত হার্ডস্ট্যান্ডের ইজারা মেয়াদ ৩০ জুন, ২০০৮ তারিখে উত্তীর্ণ হবে। উপর্যুক্ত অবস্থার প্রেক্ষিতে রজনীগন্ধা সুপার মার্কেটস্থ হকার হার্ডস্ট্যান্ডের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে একাধিক পত্রিকায় পর পর দুই বার বিজ্ঞপ্তি প্রচার করেও কোন দরপত্র না পাওয়ায় রজনীগন্ধা সুপার মার্কেটস্থ হকার হার্ডস্ট্যান্ডটি ০১ জুলাই, ২০০৮ তারিখ থেকে ক্যান্টনমেন্ট বোর্ডের তত্ত্বাবধানে মাসিক ভিত্তিতে ভাড়া আদায়ের সিদ্ধান্ত গৃহীত হলো। এ প্রসংগে উল্লেখ্য যে, বর্তমানে যে সকল হকারগণ উল্লেখিত হার্ডস্ট্যান্ডে ব্যবসারত আছেন তাদেরকে অগ্রাধিকার প্রদান করতে হবে।

১৯ বিবিধ (৫) ঃ জন্ম নিবন্ধন শাখার জন্য এইচপি লেজার জেট-১০১৫ মডেলের একটি লেজার প্রিন্টার ক্রয়ের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। এ প্রসংগে উল্লেখ্য যে, জন্ম নিবন্ধন সনদপত্র ছাপার কাজে বর্তমানে ব্যবহৃত Inkjet Printer দিয়ে প্রিন্ট করা ব্যয়বহুল এবং সময় সাপেক্ষ বিধায় অন্যান্য শাখার লেজার প্রিন্টার দিয়ে কাজ করা হচ্ছে। উল্লেখিত লেজার প্রিন্টারটি ক্রয় করতে ১৪,৫০০/- (চৌদ্দ হাজার পাঁচশত) টাকা (কম/বেশী) ব্যয় হবে।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে জন্ম নিবন্ধন শাখার জন্য এইচপি লেজার জেট-১০১৫ মডেলের একটি লেজার প্রিন্টার ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হলো। উল্লেখ্য যে, উক্ত প্রিন্টার ক্রয়ের যাবতীয় ব্যয় জন্ম নিবন্ধন খাতে জমাকৃত অর্থ হতে সংকুলান করতে হবে।

১৯ বিবিধ (৬) ঃ গত ২৮ মে, ২০০৮ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-১৬(১) এর অনুবৃত্তিক্রমে মিরপুর ডিওএইচএস এর দ্বিতীয় ধাপের রাস্তার উচ্চতা বৃদ্ধিকল্পে মাটি ভরাট ও সাব-বেইজের পরিবর্তে মাটি ভরাট ও ২০ সে. মি. পুরু ইটের সলিংকরণের জন্য ২,৭০,৭৪,৭৯৬/- (দুই কোটি সত্তর লক্ষ চুয়াত্তর হাজার সাতশত ছিয়ানব্বই) টাকার মূল্যানুমানের স্থলে ২,৫১,৩৮,৬৫২/- (দুই কোটি একান্ন লক্ষ আটত্রিশ হাজার ছয়শত বায়ান্ন) টাকার মূল্যানুমান অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে মিরপুর ডিওএইচএস এর দ্বিতীয় ধাপের রাস্তার উচ্চতা বৃদ্ধিকল্পে মাটি ভরাট ও সাব-বেইজের পরিবর্তে মাটি ভরাট ও ২০ সে. মি. পুরু ইটের সলিংকরণের জন্য ২,৭০,৭৪,৭৯৬/- (দুই কোটি সত্তর লক্ষ চুয়াত্তর হাজার সাতশত ছিয়ানব্বই) টাকার মূল্যানুমানের স্থলে ২,৫১,৩৮,৬৫২/- (দুই কোটি একান্ন লক্ষ আটত্রিশ হাজার ছয়শত বায়ান্ন) টাকার মূল্যানুমান অনুমোদন করা হলো। উক্ত কাজের সমুদয় ব্যয় মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল হতে সংকুলান করতে হবে। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

চলমান পাতা-১২

১৯ বিবিধ (৭) ঃ ডিওএইচএস বনানী, মহাখালী ও বারিধারা এবং ক্যান্টনমেন্ট বাজার ও সেনানিবাস সংলগ্ন এলাকাসমূহে মশক নিধন কার্যক্রম পরিচালনার নিমিত্তে কীটনাশক, জ্বালানীসহ বিভিন্ন সরঞ্জামাদি এবং স্প্রে মেশিনের খুচরা যন্ত্রাংশ ক্রয়ের নিমিত্তে ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ) টাকা অনুদান চেয়ে স্টেশন হেলথ অর্গানাইজেশন গত ১৬ জুন, ২০০৮ তারিখে অত্র দপ্তরকে অনুরোধ জানানো হয়েছে। এতদ্বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তের জন্য সংশ্লিষ্ট পত্রটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে ডিওএইচএস বনানী, মহাখালী ও বারিধারা এবং ক্যান্টনমেন্ট বাজার ও সেনানিবাস সংলগ্ন এলাকাসমূহে মশক নিধন কার্যক্রম পরিচালনার জন্য কীটনাশক, জ্বালানীসহ বিভিন্ন সরঞ্জামাদি এবং স্প্রে মেশিনের খুচরা যন্ত্রাংশ ক্রয়ের নিমিত্তে ডিওএইচএস মহাখালী ও বারিধারা উন্নয়ন তহবিল হতে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা স্টেশন হেলথ অর্গানাইজেশন হতে প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হলো।

১৯ বিবিধ (৮) ঃ শিখা অনির্বাণ ও সেনাভবনের পার্শ্বস্থ এলাকায় নিয়মিত ঘাস কাটার নিমিত্তে ০২(দুই)টি পেট্রোল চালিত আমেরিকার তৈরী ৫.৫ অশ্ব শক্তির ঘাস কাটার মেশিন ক্রয়ের নিমিত্তে দরপত্র আহ্বান করা হলে গত ১২ জুন, ২০০৮ তারিখে ০৩(তিন)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে জে এস লন মোয়ার হাউজ, ৯৫/১, নবাবপুর রোড (রহিমা প্লাজা), ঢাকা-১১০০ কর্তৃক প্রদত্ত ৮০,০০০/- (আশি হাজার) টাকার দরটি সর্বনিম্ন হয়। উক্ত সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে শিখা অনির্বাণ ও সেনাভবনের পার্শ্বস্থ এলাকায় নিয়মিত ঘাস কাটার নিমিত্তে ০২(দুই)টি পেট্রোল চালিত আমেরিকার তৈরী ৫.৫ অশ্ব শক্তির ঘাস কাটার মেশিন ক্রয়ের নিমিত্তে জে এস লন মোয়ার হাউজ, ৯৫/১, নবাবপুর রোড (রহিমা প্লাজা), ঢাকা-১১০০ কর্তৃক প্রদত্ত ৮০,০০০/- (আশি হাজার) টাকার সর্বনিম্ন দরটি অনুমোদন করা হলো। আর্মি কঞ্জারভেন্সী খাত হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

১৯ বিবিধ (৮) ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নোক্ত কাজের সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০৭ মোতাবেক | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত দর | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রিত ৯২ নং বাসার দোতালা (পরিত্যক্ত সম্পত্তি) রং চুনার কাজ। | ৩১,৬৩৬/- টাকা | মেসার্স বি এম ট্রেডার্স | ৩১,২৩৫/৬০ টাকা | পরিত্যক্ত সম্পত্তির সংশ্লিষ্ট ফান্ড হতে। |
| ২) | রজনীগন্ধা সুপার মার্কেটের কার পার্কিং এর জলাবদ্ধতা দূরীকরণের জন্য সংলগ্ন রাস্তার কার্পেটিং/ঢালাই ভেঙ্গে ম্যানহোল বেরকরণসহ এম এস রড ও এ্যাঙ্গেল দ্বারা জালী স্থাপন কাজ। | ৩২,৬৯৬/- টাকা | মেসার্স তাহের এন্টারপ্রাইজ | ৩৯,৮৮৯/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত। |
| ৩) | সেনা মিলনায়তনের সম্মুখে ফুটওভার ব্রিজের সিঁড়ির ধাপের রাইজারে ৩ মি. মি. পুরো এম এস শীট স্থাপন কাজ। | ২০,৮৪৭/- টাকা | মেসার্স এম এইচ এন্টারপ্রাইজ | ২২,৭৮৫/৬০ টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত। |

চলমান পাতা-১৩

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে TEC (Tender Evaluation Committee) কর্তৃক মূল্যায়নকৃত দর মোতাবেক প্রকল্পগুলোর দর নিম্নবর্ণিতভাবে অনুমোদন করা হলো এবং ক্রমিক নং-২, ও ৩ এ উল্লেখিত প্রকল্পসমূহের বিপরীতে কার্যাদেশ প্রদানসহ ক্রমিক নং-১ এ উল্লেখিত প্রকল্পটি চূড়ান্ত অনুমোদনের নিমিত্তে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | অনুমোদিত দর |
|---|---|---|---|
| (১) | ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রিত ৯২ নং বাসার দোতালা (পরিত্যক্ত সম্পত্তি) রং চুনার কাজ। | মেসার্স বি এম ট্রেডার্স | ৩১,২৩৫/৬০ টাকা |
| (২) | রজনীগন্ধা সুপার মার্কেটের কার পার্কিং এর জলাবদ্ধতা দূরীকরণের জন্য সংলগ্ন রাস্তার কার্পেটিং/ঢালাই ভেঙ্গে ম্যানহোল বেরকরণসহ এম এস রড ও এ্যাঙ্গেল দ্বারা জালী স্থাপন কাজ। | মেসার্স তাহের এন্টারপ্রাইজ | ৩৯,৮৮৯/- টাকা |
| (৩) | সেনা মিলনায়তনের সম্মুখে ফুটওভার ব্রিজের সিঁড়ির ধাপের রাইজারে ৩ মি. মি. পুরো এম এস শীট স্থাপন কাজ। | মেসার্স এম এইচ এন্টারপ্রাইজ | ২২,৭৮৫/৬০ টাকা |

১৯ বিবিধ (৯) ঃ মহাখালী ডিওএইচএস এলাকার ২৮ নং রোডের উচ্চতা বৃদ্ধিসহ কার্পেটিং কাজের বিষয়ে মেসার্স এস আলম এন্টারপ্রাইজ, বাড়ী#৪৫, রোড#৯, ক্যান্টনমেন্ট আ/এ, ঢাকা সেনানিবাসের ২৫ জুন, ২০০৮ তারিখের আবেদন উপর আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে ২৮ মে , ২০০৮ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-২৪ এর গৃহীত সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে মহাখালী ডিওএইচএস এলাকার ২৮ নং রোডের উচ্চতা বৃদ্ধিসহ কার্পেটিং কাজের জন্য স্বল্পতম সময়ে পুনঃদরপত্র আহবানের সিদ্ধান্ত গৃহীত হলো।

১৯ বিবিধ (১০) ঃ প্রেসিডেন্ট গার্ড রেজিমেন্ট, ঢাকা সেনানিবাসে ০৮(আট)টি সোডিয়াম বাতি মেরামত/পুনঃস্থাপন প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত। এ প্রসংগে প্রেসিডেন্ট গার্ড রেজিমেন্ট, ঢাকা সেনানিবাসের ১১ মে, ২০০৮ তারিখের কিউ/৬০০৩/৩ নং পত্রটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর বিস্তারিত আলোচনান্তে জানা যায় যে, প্রেসিডেন্ট গার্ড রেজিমেন্ট এর অভ্যন্তরীন রাস্তায় ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক সোডিয়াম বাতি স্থাপন করা হয়েছে – যা যুক্তিযুক্ত হয়নি। উক্ত কাজ স্থানীয় এমইএস কর্তৃক সম্পাদন করাই শ্রেয় ছিল। বর্তমানে ৯০ ওয়াট সোডিয়াম বাতির দুস্প্রাপ্যতার কারণে ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক উক্ত স্থানের ০৮(আট)টি সোডিয়াম বাতি মেরামত/পুনঃস্থাপন করা সম্ভব না হওয়ায় প্রেসিডেন্ট গার্ড রেজিমেন্ট এর প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে জরুরী ভিত্তিতে ০৮(আট) টি Mega Spiral 65 Watt এনার্জি সেভিং লাইট 'এনার্জি প্যাক', ৭৯, শহীদ তাজউদ্দিন সরণি, তেজগাঁও শিঃ/এঃ, ঢাকা হতে সরাসরি কোম্পানীর দরে ক্রয় করে স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো।

চলমান পাতা-১৪

১৯ বিবিধ (১১) ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ০২(দুই)টি উপ-সহকারী প্রকৌশলীর শূন্য পূরণ প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত। এ প্রসংগে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ১৫ জুন, ২০০৮ তারিখের ২/এমএলএন্ডসি/জেনারেল/২৭৫-৩/৬৩ নং পত্রটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনা জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের প্রকৌশল শাখায় বর্তমানে ০১(এক) জন নির্বাহী প্রকৌশলী, ০৪(চার) জন সহকারী প্রকৌশলী (তন্মধ্যে ০১ (এক) জন বিএসসি ইঞ্জিনিয়ার) ও ০৩(তিন) জন উপ-সহকারী প্রকৌশলী কর্মরত আছেন। বর্তমানে ০৪(চার)টি ডিওএইচএস, ক্যান্টনমেন্ট বাজার এলাকাসহ শহীদ সরণি, স্বাধীনতা সরণি এবং ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রিত স্কুল/কলেজ ও স্টাফ কোয়ার্টার দেখাশুনা করার জন্য ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে আরো কমপক্ষে ০৩(তিন) জন উপ-সহকারী প্রকৌশলী প্রয়োজন বিধায় বর্তমানে উপ-সহকারী প্রকৌশলীর ০২(দুই)টি শূন্য পদে জরুরী ভিত্তিতে লোক নিয়োগ প্রদানসহ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ০৪(চার)টি সহকারী প্রকৌশলী পদের একটি ডিগ্রীধারী সহকারী প্রকৌশলীর পদ ঠিক রেখে অবশিষ্ট ০২(দুই)টি পদ বিলুপ্ত করে তাঁদেরকে অন্যত্র পদায়নের জন্য পরিচালক, সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরকে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হলো।

১৯ বিবিধ (১২)ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১০ নং রোডে সিএসডি কর্তৃক স্থাপিত CNG Filling Station এর স্থাপিত জেনারেটর ও ট্রান্সফরমারের শব্দ দূষণ প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় আলোচনা করা হলো। আলোচনায় জানা যায় যে, গত ২৮ মে, ২০০৮ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী ২৫বিবিধ(৫) এর সিদ্ধান্তক্রমে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১০ নং রোডে সিএসডি কর্তৃক স্থাপিত CNG Filling Station এর জেনারেটর ও ট্রান্সফরমারের শব্দ দূষণ বন্ধ করার জন্য পত্র প্রদান করা হলে যে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে তা পর্যাপ্ত নয়। বিস্তারিত পর্যালোচনান্তে আলোচ্য সিএনজি স্টেশনের শব্দ দূষণ ১৫ (পনের) দিনের মধ্যে বন্ধ করার জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের নিমিত্তে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে পুনরায় পত্র প্রদানের জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারকে অনুরোধ করা হলো।

অন্য কোন আলোচ্যসূচী না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৬.৬.০৮

( মোঃ হামিদুর রহমান )
সেক্রেটারী, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ঢাকা ক্যান্টনমেন্ট।

( কর্ণেল এ বি এম তায়েফুল ইসলাম )
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার
ঢাকা সেনানিবাস।